অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/27/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল, বন্দর কর্তৃপক্ষ এবং লাগুয়ার্দিয়া গেটওয়ে পার্টনার্স লাগুয়ার্দিয়া বিমানবন্দরের বিশ্বমানের টার্মিনাল B-তে নতুন টার্মিনাল ফ্যাসিলিটির নির্মাণকাজ সম্পন্ন হওয়ার ঘোষণা দিলেন

নতুন যাত্রী ফ্যাসিলিটি টার্মিনাল B-র 4 বিলিয়ন মার্কিন ডলার রূপান্তরের মুখ্য মাইলফলক চিহ্নিত করে

টার্মিনাল B-র সকল যাত্রী এখন নতুন গেট, দামি কনকোর্স, এবং বিশ্বমানের সুযোগসুবিধাসহ "একটি সম্পূর্ণ নতুন লাগুয়ার্দিয়ার" অভিজ্ঞতা পাবে

দ্বিতীয় স্কাইব্রিজ ও কনকোর্স খোলার মাধ্যমে, লাগুয়ার্দিয়া দ্বৈত পথচারী স্কাইব্রিজসহ বিশ্বের প্রথম বিমানবন্দর হলো

টার্মিনাল B বিশ্বের সেরা নতুন বিমানবন্দর হিসেবে UNESCO কর্তৃক আন্তর্জাতিকভাবে স্বীকৃত হলো

গভর্নর ক্যাথি হোকল, নিউ ইয়র্ক ও নিউ জার্সির বন্দর কর্তৃপক্ষের (Port Authority of New York and New Jersey) নির্বাহী পরিচালক রিক কটন, এবং এবং লাগুয়ার্দিয়া গেটওয়ে পার্টনার্সের (LaGuardia Gateway Partners) প্রধান নির্বাহী কর্মকর্তা ফ্র্যাঙ্ক স্ক্রিমিন আজকে লাগুয়ার্দিয়া বিমানবন্দরের (LaGuardia Airport, LGA) টার্মিনাল B-র নির্মাণকাজ সম্পন্ন হওয়া উদযাপন করলেন, যা টার্মিনাল B-র 4 বিলিয়ন মার্কিন ডলার রূপান্তরের মুখ্য মাইলফলক চিহ্নিত করে। লাগুয়ার্দিয়া টার্মিনাল B-র পশ্চিম স্কাইব্রিজের কাজ সম্পন্ন হওয়া ও এটি খুলে দেওয়া, এবং ডিসেম্বরে টার্মিনাল B-র দ্বিতীয় কনকোর্স খোলার অর্থ হলো যে টার্মিনাল B-র প্রত্যেক আগত ও প্রস্থানরত যাত্রী গেট থেকে কার্ব পর্যন্ত নতুনভাবে নির্মিত, একবিংশ শতাব্দীর স্থাপত্য এবং ফ্যাসিলিটি ভোগ করতে পারবে। টার্মিনালের সকল অস্থায়ী ওয়াকওয়ে এখন 29 জানুয়ারি, শনিবারের মধ্যে বন্ধ করা হবে। এছাড়াও একটি সক্রিয় আকাশযান ট্যাক্সিওয়ে বিস্তৃত দ্বিতীয় পথচারী ব্রিজের কাজ সম্পন্ন হওয়ার ফলে, টার্মিনাল B দ্বৈত পথচারী স্কাইব্রিজসহ বিশ্বের প্রথম বিমানবন্দর হলো।

"লাগুয়ার্দিয়া বিমানবন্দরকে এর সৌন্দর্যের জন্য আন্তর্জাতিকভাবে স্বীকৃত একটি বিশ্বমানের গন্তব্যে রূপান্তর করা হলো নিউ ইয়র্কের নতুন যুগের জন্য আমাদের সাহসী লক্ষ্যের একটি অবিচ্ছেদ্য অংশ," **গভর্নর হোকল বলেন।** "4 বিলিয়ন মার্কিন ডলারের এই প্রকল্পটির কাজ

শেষ হলে তা টার্মিনাল B-র প্রত্যেক যাত্রীর জন্য একদম নতুন যাত্রী অভিজ্ঞতা সৃষ্টি করবে, সংযোগ সহজ করবে এবং দীর্ঘস্থায়ী প্রভাব তৈরি করবে। আজকের মাইলফলককে যারা সম্ভব করেছে তাদের সকলকে অভিনন্দন, আমরা নিউ ইয়র্কের যোগ্য একটি সম্পূর্ণ নতুন লাগুয়ার্দিয়া বিমানবন্দর তৈরির কাজ অব্যাহত রাখবো।"

টার্মিনাল B ডিসেম্বরে "বিশ্বের সেরা নতুন বিমানবন্দর" হিসেবে জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান এবং সাংস্কৃতিক সংগঠনের (UNESCO) প্রি ভার্সাই (Prix Versailles) পুরস্কার পেয়েছে, যা প্রদান করেছে জাতিসংঘ (United Nations, UN) এজেন্সি কর্তৃক সম্মিলিত আন্তর্জাতিক স্থপতিদের একটি নীল-ফিতার প্যানেল। নতুন টার্মিনালে রয়েছে 1.35 মিলিয়ন বর্গফুট টার্মিনাল ফ্যাসিলিটি এবং 35টি গেট, একটি 3,000 পার্কিংসহ গ্যারেজ, এবং ট্যাক্সি ও রাইড-শেয়ারিং যান উভয়ের জন্য নতুন ছাদযুক্ত, সুবিধাজনক পিকআপ সুবিধা। টার্মিনালটিতে রয়েছে শ্রেণীর সেরা খুচরা বিক্রি, ব্যাপক খাবার দাবারের ব্যবস্থা, দুর্দান্ত শিল্প এবং সুযোগসুবিধা যা গ্রাহকদের একবিংশ শতাব্দীর বিশ্বমানের যাত্রা অভিজ্ঞতা প্রদান করে। সংশ্লিষ্ট রাস্তা উন্নয়ন এবং সমর্থক অবকাঠামোর সবগুলি নির্মিত হয়েছে নির্মাণের সময় টার্মিনালকে সম্পূর্ণ সচল রেখেই। যেহেতু টার্মিনাল B-র অভ্যন্তরীণ কাজ এখন শেষ হয়েছে, পুরোনো কেন্দ্রীয় টার্মিনাল ভবনের (Central Terminal Building) অবশিষ্ট ক্ষুদ্র অংশে এখন সেবাদান বন্ধ হয়েছে এবং এটি ভেঙ্গে ফেলা হবে, 2022 সালের বসন্তের মধ্যে ভাঙ্গার কাজ শেষ হবে বলে প্রত্যাশা করা হচ্ছে।

বন্দর কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক রিক কটন বলেন, "আজকের ঘোষণা লাগুয়ার্দিয়া বিমানবন্দরের টার্মিনাল B-র নতুন ফ্যাসিলিটির কাজ সম্পন্ন হওয়া চিহ্নিত করে, যেটি সম্প্রতি UNESCO-র মর্যাদাপূর্ণ 2021 প্রি ভার্সাই দ্বারা বিশ্বের সেরা নতুন বিমানবন্দরের খেতাব পেয়েছে। যাত্রীদের দৃষ্টিভঙ্গি থেকে, পুরোনো লাগুয়ার্দিয়া আর নেই। আমরা সবথেকে খারাপ থেকে সেরা হয়েছি, এটি যে সম্ভব হতে পারে প্রকল্পটি শুরু হওয়ার সময় কেউ ভাবতে পারে নি। টার্মিনাল B একদম সেরা মানের একটি যাত্রী অভিজ্ঞতা তৈরি করে এবং তা করে বিশ্বমানের স্থাপত্য, অনুপ্রেরণা দানকারী সকলের জন্য উন্মুক্ত শিল্প এবং উল্লেখযোগ্য, আইকনিক, স্থানীয়ভাবে অনুপ্রাণিত কনসেশন।"

বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান কেভিন ও'টুল বলেন, "বন্দর কর্তৃপক্ষ পুরো অঞ্চলে এর গ্রাহকদের অভিজ্ঞতা উন্নত করতে প্রতিশ্রুতিবদ্ধ, এবং এখানে লাগুয়ার্দিয়া বিমানবন্দরে আমরা প্রায় শেষ হওয়া পুনর্গঠন কাজের একটি মুখ্য উপাদানের তত্ত্বাবধান করছি। মুখ্য স্টেকহোল্ডারদের সহযোগিতায় করা টার্মিনাল B-র নকশা যাত্রীদের, এয়ারলাইন এবং বিমানবন্দরের কর্মচারীদের জন্য একটি উজ্জ্বল, স্বাগত পরিবেশ সৃষ্টি করে।সম্পূর্ণ লাগুয়ার্দিয়া দল টার্মিনাল B-তে একটি বিশ্বমানের ফ্যাসিলিটি নির্মাণের জন্য নিরলসভাবে কাজ করেছে এবং আমরা অত্যন্ত গর্বিত।"

নিউ ওয়ার্ক সিটির মেয়র এরিক অ্যাডামস বলেন, "নিউ ইয়র্ক সিটিকে আবার অগ্রসর করার এটিই সময়, এবং কুইন্সে একটি বিশ্বমানের বিমানবন্দর আমাদেরকে তা করতে সাহায্য করবে। এটি একটি সম্পূর্ণ নতুন লাগুয়ার্দিয়া, এবং আমি গভর্নর হোকল, বন্দর কর্তৃপক্ষ, এবং এটি সম্ভব করতে সাহায্যকারী আমাদের সকল অংশীদারদের ধন্যবাদ জানাতে চাই। এভাবেই আমরা 'একত্রে কাজ উদ্ধার' করতে পারি।"

সিটি কাউন্সিলের (City Council) স্পিকার এড্রিয়ান অ্যাডামস বলেন, "টার্মিনাল B-র সম্পূর্ণ হওয়া পুনর্গঠন লাগুয়ার্দিয়া বিমানবন্দরকে বিশ্বমানের ফ্যাসিলিটি রূপান্তর করার ক্ষেত্রে একটি মুখ্য মাইলফলক চিহ্নিত করে যা নিয়ে সকল নিউ ইয়র্কবাসী এবং দর্শনার্থীরা গর্ব করতে পারবে। নিউ ইয়র্কের সর্বাধিক গুরুত্বপূর্ণ গেটওয়েগুলির একটি হিসেবে, লাগুয়ার্দিয়া বিমানবন্দরকে একটি সুন্দর, আধুনিক, এবং স্বাগত বিমানবন্দর হিসেবে পুনঃকল্পনা করা হচ্ছে, এবং আজকের ঘোষণা কাজ সম্পূর্ণ হওয়ার দিকে একটি বিশাল ধাপ। আমি গভর্নর হোকল, নিউ ইয়র্ক ও নিউ জার্সির বন্দর কর্তৃপক্ষ, এবং লাগুয়ার্দিয়া গেটওয়ে পার্টনার্সকে আমাদের অতি গুরুত্বপূর্ণ পরিবহন অবকাঠামো পুনর্নির্মাণে তাদের অঙ্গীকারের জন্য ধন্যবাদ জানাচ্ছি।"

নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের সদস্য ফ্র্যান্সিস্কো ময়া বলেন, "যাত্রীদের আগমনের মুহূর্ত থেকে তাদের নিউ ইয়র্কের অভিজ্ঞতা শুরু হয় এবং তার অর্থ হলো আমরা তাদেরকে যেন আজকের দিনের প্রতিফলক ফ্যাসিলিটি ও পরিষেবা দিয়ে স্বাগত জানাই তা নিশ্চিত করতে হবে। লাগুয়ার্দিয়া বিমানবন্দরের টার্মিনাল B রূপান্তর হলো নিউ ইয়র্ক সিটির পর্যটন প্রণোদিত করতে আমাদের প্রচেষ্টার সম্পূরক, যা আমাদের স্থানীয় অর্থনীতি ও কোভিড-19 থেকে আমাদের পুনরুদ্ধারের চাবিকাঠি।"

কুইন্স বরোর প্রেসিডেন্ট ডোনোভান রিচার্ডস জুনিয়র বলেন, "আজকে আমরা লাগুয়ার্দিয়া বিমানবন্দরের পুনর্গঠনের একটি মুখ্য মাইলফলক উদযাপন করছি, এটি আমাদের অঞ্চলের একটি গেটওয়ে এবং আমাদের বরোর অর্থনীতির জন্য একটি অপরিহার্য অংশ। অতি জরুরি এই পুনর্গঠন প্রকল্পটি কুইন্সের এবং সমগ্র নিউ ইয়র্ক সিটির পরিবারগুলিকে তাদের প্রাপ্য বিশ্বমানের বিমানবন্দর দিচ্ছে। গভর্নর হোকল, বন্দর কর্তৃপক্ষ, লাগুয়ার্দিয়া গেটওয়ে পার্টনার্স, এবং এটিকে সম্ভব করতে সাহায্য করা সকলকে অনেক অনেক ধন্যবাদ।"

বৃহত্তর নিউ ইয়র্কের বিল্ডিং অ্যান্ড কনস্ট্রাকশন ট্রেড কাউন্সিলের (Building and Construction Trades council of Greater NY) প্রেসিডেন্ট গ্যারি লাবারবারা বলেন, "এই মাইলফলকটি নিউ ইয়র্ক নিজের বলে গর্ব করতে পারবে এমন একটি বিশ্বমানের পরিবহন হাব হিসেবে লাগুয়ার্দিয়া বিমানবন্দরের ভবিষ্যৎকে পুনঃকল্পনা করার দিকে আরো একটি গুরুত্বপূর্ণ ধাপ চিহ্নিত করে। আমরা এই অতি জরুরি এবং রূপান্তরকারী প্রকল্পটি অগ্রসর করতে গভর্নর হোকলের অসাধারণ ও কার্যকর নেতৃত্বের জন্য তার প্রশংসা করছি, যা এই ভিশনকে বাস্তবে পরিণত করছে যেই কঠোর পরিশ্রমী নারী-পুরুষ তাদের জন্য লাভজনক হাজার হাজার মধ্যবিত্ত ক্যারিয়ারও সৃষ্টি করছে। LGA-র টার্মিনাল B যাতে আগামী বছরগুলিতে নিউ ইয়র্কের পরিবহনের ভিত্তিপ্রস্তর হয়ে উঠতে পারে তা নিশ্চিত করতে বিল্ডিং অ্যান্ড কনস্ট্রাকশন ট্রেড কাউন্সিলের সদস্যরা প্রতিশ্রুতিবদ্ধ।"

লাগুয়ার্দিয়া গেটওয়ে পার্টনার্সের প্রধান নির্বাহী কর্মকর্তা ফ্র্যাঙ্ক স্ক্রিমিন বলেন, "লাগুয়ার্দিয়ার নতুন টার্মিনাল B হলো নিউ ইয়র্কের জনগণের জন্য, উড্ডয়নের ভবিষ্যতের জন্য, এবং সরকারি-বেসরকারি অংশীদারিত্ব কী অর্জন করতে পারে তা প্রদর্শনের জন্য একটি শীর্ষস্থানীয় অর্জন। অনেকেই এ ব্যাপারে নেতিবাচক ছিলো, কিন্তু প্রকল্পটি শুরুর সময় থেকেই আমরা বলেছি যে আমরা আমাদের শহরে বিশ্বমানের বিমানবন্দর আনবো। আজকে, গভর্নরের

অফিসের নেতৃত্বাধীনে এবং বন্দর কর্তৃপক্ষ, আমাদের ইক্যুইটি, ব্যবস্থাপনা ও নির্মাণ অংশীদারগণ, রেকর্ড সংখ্যক সংখ্যালঘু ও নারী মালিকানাধীন ব্যবসা, এবং নিউ ইয়র্কবাসীর অটুট সমর্থনের মাধ্যমে, আমরা এটি সম্ভব করতে পেরেছি। নতুন টার্মিনাল B হলো একবিংশ শতাব্দীর বিমানবন্দর ফ্যাসিলিটির একটি উজ্জ্বল উদাহরণ যার মূল মনোযোগ হলো যাত্রী অভিজ্ঞতা এবং আমরা একত্রে কাজ করলে কী অর্জন করতে পারি তা প্রদর্শন।"

বিশ্বের প্রথম দ্বৈত পথচারী স্কাইব্রিজ যা "দ্বীপ" কনকোর্সে ব্যবহৃত হয়

টার্মিনাল B-র সবথেকে অনন্য স্থাপত্য উপাদানের একটি হিসেবে, স্কাইব্রিজ দুইটি সক্রিয় আকাশযান ট্যাক্সি লেনের সমান বিস্তৃত, এরা নতুন আলোকজ্জ্বিত আগমন ও বহির্গমন হলগুলিকে টার্মিনালের দুইটি দ্বীপ কনকোর্সের সাথে সংযুক্ত করে, যেখানে শ্রেণীর সেরা কনসেশন এবং যাত্রীদের জন্য সুযোগ সুবিধা রয়েছে।

উভয় স্কাইব্রিজের নির্মাণ অতিরিক্ত দুই মাইল ট্যাক্সিওয়ে স্থান নির্মাণের সুযোগ করে দিয়েছে, যা আগমন এবং বহির্গমনের বিলম্ব হ্রাস করে এবং যাত্রীদের জন্য ঝামেলামুক্তভাবে নিজেদের গেটে যাওয়া সহজ করতে সাহায্য করেছে। 2021 সালের বসন্ত থেকে পূর্ব স্কাইব্রিজের নিচ দিয়ে বিমান ট্যাক্সিইং করছে এবং 2022 সালের গ্রীষ্ম থেকে পশ্চিম স্কাইব্রিজের নিচ দিয়ে ট্যাক্সিইং শুরু করতে পারবে। টার্মিনাল B-র গেটে পৌঁছাতে নতুন স্কাইব্রিজ দুইটি ব্যবহার করা যাত্রীরা ম্যানহাটন স্কাইলাইনের দুর্দান্ত দৃশ্য উপভোগ করতে পারবে।

482 ফুট লম্বা এবং ভূমি থেকে 60 ফুট উচ্চতায় অবস্থিত পথচারী ব্রিজ দুইটি নতুন টার্মিনালের নকশার অতি গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য। দ্বৈত ব্রিজ স্থাপত্যের দিক দিয়ে মনোমুগ্ধকর, কিন্তু এটিও নিশ্চিত করে যে ট্যাক্সিং করা আকাশযানগুলির যেন তাদের গেটে প্রবেশ বা প্রস্থানের জন্য দুইটি রাস্তা থাকে।

2020 থেকে গ্রাহকেরা টার্মিনাল B-র পূর্ব গেটে যাওয়ার জন্য সম্পূর্ণ স্কাইব্রিজগুলির একটি ব্যবহার করছে। নতুন টার্মিনালের যমজ দ্বীপ কনকোর্সগুলির নকশা বিমানগুলির বহির্গমন এবং আগমনের ট্যাক্সিইংয়ের সময় আরো স্থান এবং বিকল্প প্রদান করে। পূর্বে,গেট দিয়ে ঢোকা ও বের হওয়ার একটিই পথ থাকার কারণে আকাশযান চলাচল অনেকসময় বন্ধ রাখতে হতো।

লাগুয়ার্দিয়া পুনঃউন্নয়ন প্রকল্প সম্পর্কে

2015 সালে, যাত্রীদের জন্য আধুনিক সুযোগ-সুবিধা, সর্বাধুনিক স্থাপত্য, অধিকতর প্রশস্ত গেট এরিয়া এবং একটি একীভূত টার্মিনাল সিস্টেম, ইত্যাদি বৈশিষ্ট্য নিয়ে একটি বিশ্ব-মানের, 21 শতকের উপযোগী যাত্রী অভিজ্ঞতা তৈরির লক্ষ্য নিয়ে সম্পূর্ণ নতুন একটি লাগুয়ার্দিয়া বিমানবন্দর নির্মাণের জন্য একটি সমন্বিত পরিকল্পনা উন্মোচিত হয়। 8 বিলিয়ন ডলারের এই প্রকল্প, যেটির দুই-তৃতীয়াংশের অর্থায়ন বেসরকারি খাতের অর্থায়ন ও বিদ্যমান যাত্রীদের ভাড়া থেকে যোগান দেয়া হচ্ছে, 2016 সালে শুরু হয়।

2018 সালের ফেব্রুয়ারি মাসে, 3,000 এরও বেশি গাড়ি রাখার জায়গা এবং উবার, লিফট ও অন্যান্য ভাড়ায়-চালিত গাড়ি পরিষেবাগুলোর জন্য একটি নির্ধারিত লেভেল সহ নতুন টার্মিনাল বি পার্কিং গ্যারেজ চালু হয়। 2018 সালের ডিসেম্বর মাসে প্রথম 18টি নতুন গেট এবং টার্মিনাল

B-তে প্রথম নতুন কনকোর্স চালু করা হয়। 2019 সালের অক্টোবরে, ডেল্টা এয়ারলাইন্স (Delta Air Lines) এর প্রথম নতুন কনকোর্স এবং সাতটি নতুন গেট খুলে দেয়। 2020 সালের জুনে, টার্মিনাল B-র সুউচ্চ নতুন আগমন ও বহির্গমন হল খুলে দেওয়া হয়।

2020 সালের আগস্টে, টার্মিনাল B-র দ্বিতীয় নতুন কনকোর্সের প্রথম গেট খুলে দেওয়া হয়, এবং পরবর্তীতে 2021 সালের ডিসেম্বর মাসে আরো গেট খোলা হয়। ডেল্টার নতুন টার্মিনাল C-র আগমন এবং বহির্গমন হল 2022-র বসন্তে খুলে দেওয়ার কথা। লাগুয়ার্দিয়া বিমানবন্দরের টার্মিনাল B সম্প্রতি বিশ্বের সেরা নতুন বিমানবন্দর হিসেবে বৈশ্বিক স্থাপত্য এবং নকশা পুরস্কার, UNESCO-র 2021 প্রি ভার্সাই পেয়েছে। উল্লেখযোগ্য এই পুরস্কারটি একসময় দেশের সবথেকে খারাপ বিমানবন্দরকে দেশের শীর্ষস্থানীয় একটি বিশ্বমানের ফ্যাসিলিটিতে রূপান্তর করার যে প্রতিশ্রুতি এজেন্সি প্রদান করেছে তা পূরণ করলো।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন